

# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৪১৮

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৬. মাগরিবের ওয়াক্ত

باب فِي وَقْتِ الْمَغْرِبِ

#### আরবী

حَدَّثَنَا عُبَيْدُ اللهِ بْنُ عُمَرَ، حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ، حَدَّثَنِي يَزِيدُ بْنُ أَبِي حَبِيبٍ، عَنْ مَرْثَد بْنِ عَبْدِ اللهِ، قَالَ لَمَّا قَدِمَ عَلَيْنَا أَبُو أَيُّوبَ غَازِيًا وَعُقْبَةُ بْنُ عَامِرٍ يَوْمَئِذٍ عَلَى مِصْرَ فَأَخَّرَ الْمَغْرِبَ فَقَامَ إِلَيْهِ أَبُو أَيُّوبَ فَقَالَ لَهُ مَا هَذِهِ الصَّلَاةُ يَا عُقْبَةُ فَقَالَ شُغِلْنَا . قَالَ أَمَا سَمِعْتَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يَقُولُ " لَا تَزَالُ عُقْبَةُ فَقَالَ شُغِلْنَا . قَالَ عَلَى الْفِطْرَةِ \_ مَا لَمْ يُؤخِّرُوا الْمَغْرِبَ إِلَى أَنْ تَشْتَبِكَ النُّجُومُ " . أَمْ اللهُ عَلَى الْفِطْرَةِ \_ مَا لَمْ يُؤخِّرُوا الْمَغْرِبَ إِلَى أَنْ تَشْتَبِكَ النُّجُومُ " .

\_ حسن صحيح

#### বাংলা

8১৮। মারসাদ ইবনু 'আবদুল্লাহ (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, যখন আবূ আইয়ূব (রাঃ) জিহাদ হতে ফিরে আমাদের নিকট আসলেন, সে সময় 'উকবাহ ইবনু 'আমির (রাঃ) মিশরের শাসনকর্তা ছিলেন। তিনি মাগরিবের সালাত আদায়ে বিলম্ব করলে আবূ আইয়ূব (রাঃ) 'উকবাহ্ (রাঃ)-এর সামনে দাঁড়িয়ে বললেন, হে 'উকবাহ্! এটা আবার কেমন সালাত? 'উকবাহ্ (রাঃ) বললেন, আমরা কাজে ব্যস্ত ছিলাম। তিনি বললেন, আপনি কি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেনিঃ আমার উম্মাত ততদিন কল্যাণের মধ্যে থাকবে অথবা মূল অবস্থায় থাকবে যতদিন তারা মাগরিবের সালাত আদায়ে তারকা উজ্জ্বল হওয়া পর্যন্ত বিলম্ব করবে না।[1]

হাসান সহীহ।

## **English**

## Narrated AbuAyyub:



Marthad ibn Abdullah said: When AbuAyyub came upon us to fight the infidels and in those days Uqbah ibn Amir was the Governor of Egypt, he (Uqbah) delayed the sunset prayer. Hence AbuAyyub stood and said: What kind of prayer is this, Uqbah? He said: We were busy. He said: Did you not hear the Messenger of Allah () say: My community will remain well, or he said: will remain on its natural condition, so long as it would not delay the evening prayer until the stars shine brightly just like a network.

## ফুটনোট

[1] আহমাদ (৪১৪৭), হাকিম (১/১৯০, ১৯১) মুহাম্মাদ ইবনু ইসহাক সূত্রে। ইমাম হাকিম বলেন, এ হাদীস মুসলিমের শর্তে সহীহ, অবশ্য তাঁরা এটি বর্ণনা করেননি। ইমাম যাহাবী তাঁর সাথে একমত হয়েছেন।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ মারসাদ ইবনু 'আবদুল্লাহ্ ইয়াযানী (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন